

আল-আদিয়াত | Al-Adiyat | الْعَادِيَات

আয়াতঃ ১০০ : ৪

আরবি মূল আয়াত:

فَأَثَرُنَ بِهِ نَقْعًا ﴿٤﴾

অনুবাদসমূহ:

অতঃপর সে তা দ্বারা ধূলি উড়ায়, — আল-বায়ান

আর সে সময় ধূলি উড়ায়, — তাইসিরুল

এবং যারা ঐ সময়ে ধূলি উৎক্ষিপ্ত করে। — মুজিবুর রহমান

Stirring up thereby [clouds of] dust, — Sahih International

৪. ফলে তারা তা দ্বারা ধূলি উৎক্ষিপ্ত করে(১);

(১) فَأَثَرُنَ শব্দটি اَثَرٌ থেকে উৎপন্ন। অর্থ ধূলি উড়ানো। نَقْعٌ ধূলিকে বলা হয়। আর ۴ শব্দের অর্থ, সে সময়ে বা শত্রুদের সে স্থানে। অর্থাৎ অশ্বসমূহ যুদ্ধক্ষেত্রে এত দ্রুত ধাবমান হয় যে, তাদের ক্ষুর থেকে ধূলি উড়ে চতুর্দিক আচ্ছন্ন করে ফেলে। [আদওয়াউল বায়ান]

তাকসীরে জাকারিয়া

৪। যারা সে সময়ে ধূলি উৎক্ষিপ্ত করে। [১]

[১] فَأَثَرُنَ শব্দের অর্থ হল উৎক্ষিপ্ত করা, উড়ানো। আর نَقْعٌ শব্দের অর্থ হল ধূলো-বালি। অর্থাৎ, যখন দ্রুতগতিতে ছুটে যায় অথবা হামলা করে, তখন সে স্থান ধূলো-বালিতে ছেয়ে যায়।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6150>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন